**নাম এবং পদবি:** ____________________

**Fair Fares ID:** ______________________________

**Fair Fares NYC**

## নিউ ইয়র্ক সিটি সামাজিক পরিষেবা বিভাগ (Department of Social Services)/মানবসম্পদ প্রশাসন (Human Resources Administration) এর জন্য ব্যবহারের শর্তাবলী এবং অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য

### Fair Fares NYC OMNY কার্ড এবং ডিকাউন্টযুক্ত অ্যাক্সেস-এ-রাইড ভ্রমণ

সামাজিক পরিষেবা বিভাগ/মানবসম্পদ প্রশাসন (DSS/HRA) Fair Fares নিউ ইয়র্ক সিটি (FFNYC) কার্যক্রমটি ("প্রোগ্রামটি") পরিচালনা করে। প্রোগ্রামটি যোগ্য ব্যক্তিদের অর্ধেক মূল্যে সাবওয়েতে, লোকাল বাসে, এবং অ্যাক্সেস-এ-রাইড প্যারাট্রান্সিটে ভ্রমণের অনুমতি দেয়।

**Fair Fares NYC কার্যক্রমে নথিভুক্তিকরণ:**
আপনি যদি প্রোগ্রামটিতে যোগ্যতা নির্বাচনের দাবিগুলি পূরণ করেন এবং তহবিল (funding) উপলব্ধ থাকে, আপনি একটি FFNYC ডিসকাউন্ট পাবেন এবং এক বছরের জন্য প্রোগ্রামটিতে নথিভুক্ত হবেন। আপনাকে নিম্নলিখিত ডিসকাউন্টগুলির মধ্যে একটি(আপনার নথিভুক্তিকরণের সময়ে আপনার জন্য যেটি প্রযোজ্য হবে)-র জন্য নথিভুক্ত করা হবে:

- MTA নিউ ইয়র্ক সিটি ট্রানজিট (NYCT) সাবওয়েগুলি এবং লোকাল বাসগুলির (স্ট্যাটেন আইল্যান্ড রেলওয়ে, রুজ্‌ভেল্ট আইল্যান্ড ট্রাম, এবং হাডসন রেল লিঙ্ক) উপর ডিসকাউন্ট; **কিংবা**
- অ্যাক্সেস-এ-রাইড।

যদি কোনো সময়ে আপনি আর যোগ্য না থাকেন, প্রোগ্রামটি থেকে আপনাকে বাতিল করা হবে এবং ডিসকাউন্ট বন্ধ হয়ে যাবে। যদি আপনাকে বাতিল করা হয়ে থাকে তাহলে প্রোগ্রামটি, ফাইলে থাকা আপনার ঠিকানাতে ডাকযোগের মাধ্যমে আপনাকে তা জানিয়ে দেবে।

**FFNYC এর যোগ্যতা**

NYC এর বাসিন্দারা FFNYC এর জন্য নির্বাচিত হতে পারেন যদি তারা:

- 18 থেকে 64 বছরের মধ্যে (এবং সহ) হন;
- এমন একটি পরিবারের সদস্য হন যেটি FFNYC কার্যক্রম অনুযায়ী আয় নির্দেশিকা পূরণ করে;
- DSS/HRA বা অন্যান্য NYC সংস্থা থেকে সম্পূর্ণ গাড়ি ভাড়া না পান; **এবং**
- যদি FFNYC সাবওয়ে এবং বাস ডিসকাউন্ট বাছাই করেন, তবে অন্য কোনো পরিবহনের ডিসকাউন্ট কার্যক্রমে ইতিমধ্যেই অংশগ্রহণ করলে কিংবা অংশগ্রহণের যোগ্য হলে চলবে না।

**Fair Fares মেট্রোকার্ড (FFM) থেকে Fair Fares ওয়ান মেট্রো নিউ ইয়র্ক (OMNY) কার্ডে পরিবর্তন করা:**

প্রোগ্রামটি আর Fair Fares মেট্রোকার্ড (FFM) জারি করছে না। আপনার যদি কোনো FFM থেকে থাকে, আপনি সেটি ততক্ষণ পর্যন্ত ব্যবহার করতে পারবেন যতক্ষণ না (যেটি প্রথমে হবে):

- সেই কার্ডটির মেয়াদ উত্তীর্ণ হয়ে যাচ্ছে (মেয়াদ শেষ হওয়ার তারিখ কার্ডের পিছন দিকে দেওয়া রয়েছে);
- সেই কার্ডটি কাজ করা বন্ধ করে দিচ্ছে;
- সেই কার্ডটি নিষ্ক্রিয় হয়ে যাচ্ছে; **অথবা**
- আপনি আর নথিভুক্ত না থাকলে।

আপনার ইতিমধ্যে স্বাক্ষর করা ব্যবহারের শর্তাবলীগুলি আপনার মেট্রোকার্ডে ততদিন পর্যন্ত প্রযোজ্য যতদিন পর্যন্ত সেটি কার্যকর থাকবে।

আপনি যখন প্রোগ্রামে আপনার নথিভুক্তির নবীকরণ (renew) করবেন, তখন FFNYC আপনাকে একটি Fair Fares OMNY কার্ড (FFOC) পাঠাবে। আপনি যদি আপনার মেট্রোকার্ডের হারিয়ে যাওয়া, চুরি হওয়া, কিংবা ক্ষতিগ্রস্থ হওয়ার রিপোর্ট করেন, FFNYC সেটিকে একটি OMNY কার্ড দিয়ে প্রতিস্থাপিত করবে। আপনি যেকোনো সময় মেট্রোকার্ড থেকে OMNY -তে সুইচ করতে পারেন।

নাম এবং পদবি: ____________________

Fair Fares ID: ______________________________

**সাবওয়ে এবং লোকাল বাসে ডিসকাউন্ট পাওয়ার জন্য নাম নথিভুক্ত করা অংশগ্রহণকারীদের জন্য:**

প্রোগ্রামটি শুধুমাত্র আপনার ব্যবহারের জন্য FFOC পাঠাবে। আপনি যদি অপর কাউকে আপনার কার্ডটি ব্যবহার করতে দেন, তাহলে প্রোগ্রামটি আপনাকে স্থগিতাদেশ (suspend) দিতে পারে এবং আপনার ডিসকাউন্ট ও FFOC বাতিল করতে পারে। আরও তথ্যের জন্য নিচের জরিমানা (Penalty) বিভাগটি দেখুন।

**FFOC ডিসকাউন্ট কীভাবে কাজ করে:**

আপনি আপনার FFOC একবার গ্রহণ করার পরে, NYCT সাবওয়ে স্টেশনগুলিতে অবস্থিত OMNY কার্ড ভেন্ডিং মেশিনের, শহর জুড়ে থাকা অংশগ্রহণকারী খুচরা বিক্রেতার দোকানের (omny.info/retail), (877)-789-6669 নম্বরে OMNY গ্রাহক পরিষেবাকে ফোন করে , অথবা অনলাইনে আপনার নিবন্ধিত OMNY অ্যাকাউন্টের (omny.info/register) মাধ্যমে আপনি এটিতে অর্থ যোগ করতে পারেন।

- প্রোগ্রামটি ভাড়ার মূল্য প্রদান কিংবা পরিশোধ করে না। আপনি যে FFOC পাবেন তাতে কোনো অর্থ থাকবে না।
- আপনি FFOC ব্যবহার করার পূর্বে, আপনি যে পরিবহন মাধ্যম ব্যবহার করতে চলেছেন সেটির ভাড়া প্রদান করার জন্য আপনাকে অর্থ যোগ করতে হবে। আপনার কার্ডে নূন্যতম যে পরিমাণ অর্থটি যোগ করা যেতে পারে তা হল $1.00।
- আপনি যেকোনো কার্ড রিডারে আপনার FFOC ট্যাপ করতে পারেন। আপনার ডিসকাউন্ট সাবওয়ে, লোকাল বাস, স্ট্যাটেন আইল্যান্ড রেলওয়ে, রুজভেল্ট আইল্যান্ড ট্রাম, এবং হাডসন রেল লিঙ্কগুলিতেই কার্যকর হবে। আপনার ডিসকাউন্ট এক্সপ্রেস বাস অথবা এয়ারট্রেন JFK গুলিতে কাজ করবে না।
- আপনি যদি পরপর 7 দিন নিজের পকেট থেকে অর্থ প্রদান করে 12টি ট্রিপ করে থাকেন, তবে সেই সময়সীমার মধ্যে থাকা সমস্ত অতিরিক্ত ভ্রমণ আপনা থেকেই বিনামূল্যে হয়ে যাবে। আপনি FFNYC ডিসকাউন্টের সহিত সর্বাধিক এই মূল্যটাই প্রদান করবেন। যতক্ষণ OMNY কর্তৃক ভাড়ার ক্যাপিং অফার করা হচ্ছে ততক্ষণ পর্যন্ত এটি উপলব্ধ থাকবে।

**হারিয়ে যাওয়া, চুরি হওয়া, বা ক্ষতিগ্রস্ত হওয়া FFOC:**

- আপনার কার্ডের হারিয়ে যাওয়া, চুরি হওয়া, কিংবা ক্ষতিগ্রস্ত হওয়ার রিপোর্ট করতে ACCESS HRA (AHRA) তে লগ ইন করুন অথবা 311 নম্বরে কল করুন। একবার বাতিল হয়ে গেলে FFOC আর কাজ করবে না।
- রিপোর্ট করা কার্ডটি একবার নিষ্ক্রিয় হয়ে গেলে FFNYC আপনাকে একটি নতুন FFOC ডাকযোগের মাধ্যমে পাঠিয়ে দেবে।
- FFNYC প্রত্যেক নথিভুক্তিকরণের বছরে FFOC এর কেবলমাত্র একটি প্রতিস্থাপন (replacement) জারি করবে। দ্বিতীয় প্রতিস্থাপনের অনুমতি প্রোগ্রামের বিবেচনার ভিত্তিতে শুধুমাত্র বিশেষ পরিস্থিতির ক্ষেত্রে দেওয়া হবে।
- অন্যায়ভাবে বা অপব্যবহার করা হয়েছে অবশিষ্ট অর্থ সমেত FFOC গুলি অর্থ ফেরত পাওয়ার (refund) যোগ্য নয়।
- আপনি 877-789-6669 নম্বরে OMNY গ্রাহক পরিষেবাতে কল করে আপনার অর্থ আপনার পুরানো কার্ড থেকে আপনার নতুন কার্ডে স্থানান্তর করতে পারেন। আপনি যখন কল করবেন, হারানো OMNY কার্ডের জন্য আপনাকে অবশ্যই ইমেইল অ্যাড্রেস অথবা আপনার Fair Fares ID এবং ট্রানজিট অ্যাকাউন্ট নম্বর দিতে হবে। আপনি আপনার Fair Fares ID এবং ট্রানজিট অ্যাকাউন্ট নম্বর আপনার AHRA অ্যাকাউন্টে পেয়ে যাবেন।

**NYCT পদ্ধতিসমূহ অনুযায়ী FFOC এর মেয়াদ উত্তীর্ণ হওয়া:**

- আপনার FFOC এর মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখটি পিছনের দিকে রয়েছে। আপনাকে একই কার্ডের ব্যবহার ততক্ষণ পর্যন্ত চালিয়ে যেতে হবে যতক্ষণ না সেটির মেয়াদ উত্তীর্ণ হচ্ছে। আপনার কার্ডের মেয়াদ উত্তীর্ণ হওয়ার আগে, আপনি যদি তখনও কার্যক্রমে নথিভুক্ত থেকে থাকেন, তাহলে FFNYC আপনাকে একটি নতুন কার্ড নিজে থেকেই ডাকযোগে পাঠিয়ে দেবে।

**নাম এবং পদবি:** ____________________

**Fair Fares ID:** ______________________________

- আপনার OMNY কার্ডের মেয়াদ শেষ হয়ে গেলে, আপনি (877) 789-6669 নম্বরে OMNY গ্রাহক পরিষেবার সাথে যোগাযোগ করে আপনার মেয়াদ উত্তীর্ণ হওয়া কার্ড থেকে আপনার নতুন কার্ডে অর্থ স্থানান্তর করতে পারেন।

**মেট্রোকার্ড থেকে OMNY কার্ডের অর্থ স্থানান্তর করা যাবে না:**

- আপনি আপনার FFM থেকে আপনার FFOC তে অর্থ স্থানান্তর করতে পারবেন না। মেয়াদ উত্তীর্ণ হওয়ার অথবা বাতিল হয়ে যাওয়ার পূর্বে আপনাকে আপনার মেট্রোকার্ডের অবশিষ্ট অর্থ ব্যবহার করে নিতে হবে।

- আপনি একটি সম্পূর্ণ-ভাড়া (full-fare) মেট্রোকার্ড কিংবা একটি সম্পূর্ণ-ভাড়া OMNY অ্যাকাউন্ট থেকে একটি FFM বা FFOC তে অবশিষ্ট অর্থ কোনোভাবেই স্থানান্তর করতে পারবেন না।

**NYCT পদ্ধতি অনুযায়ী কোনো হারিয়ে যাওয়া বা চুরি হয়ে যাওয়া FFM-এর জন্য অর্থ ফেরত পাওয়ার অনুরোধ করা:**

যদি আপনার FFM হারিয়ে যায় অথবা চুরি হয়ে যায়, **এবং** আপনি **ক্রেডিট, ডেবিট অথবা EBT কার্ডের** সাহায্যে 30-দিনের পাস কিনে থাকেন:

- আপনার কার্ড হারিয়ে যাওয়া বা চুরি হয়ে যাওয়ার রিপোর্ট জানানোর জন্য আপনি 311 নম্বরে কল করার পর কিংবা AHRA তে লগ ইন করার পর, আপনাকে NYC ট্রানজিটের সাথে যোগাযোগ করতে হবে, 511 অথবা (718) 330-1234 নম্বরে কল করে এবং ততক্ষণ পর্যন্ত প্রম্পটগুলি অনুসরণ করতে হবে যতক্ষণ না আপনি অর্থ সুরক্ষা কার্যক্রমে (Balance Protection Program) পৌঁছাচ্ছেন যাতে আপনি অর্থ ফেরত পেতে পারেন।
- আপনি আংশিকভাবে অর্থ ফেরত পাওয়ার যোগ্য হতে পারেন সেইদিনের উপর ভিত্তি করে যেইদিন আপনি অর্থ সুরক্ষা (Balance Protection) কে জানাবেন যে FFM হারিয়ে গেছে কিংবা চুরি হয়ে গেছে **এবং**:
  - হারিয়ে যাওয়া বা চুরি হয়ে যাওয়া FFM-এর মধ্যে 30-দিনের পাস ছিল;
  - আপনার 30-দিনের পাস নিষ্ক্রিয় হওয়ার সময় এটিতে সময় অবশিষ্ট ছিল; এবং
  - আপনি ডেবিট, ক্রেডিট অথবা EBT কার্ডের সাহায্যে 30-দিনের পাসের জন্য অর্থ প্রদান করেছেন:

- আপনার FFM হারিয়ে গেলে বা চুরি হয়ে গেলে, আপনি প্রত্যেক ক্যালেন্ডার বর্ষে একবার অর্থ ফেরতের সুযোগ পেতে পারেন। দ্বিতীয়বার অর্থ ফেরত পাওয়ার জন্য $5.00 ফি প্রদান করতে হবে, এবং কার্ডে থাকা অর্থের পরিমাণ $5.00 এর কম হলে কোনো অর্থ ফেরত দেওয়া হবে না। আপনি প্রতি বছর সর্বাধিক দুইবার অর্থ ফেরত পাওয়ার সুবিধা পেতে পারেন।

**FFM যেগুলি ক্ষতিগ্রস্ত হয়েছে কিংবা কাজ করছে না:**

যদি আপনি ক্ষতিগ্রস্থ অথবা অকেজো হওয়ার কারণে আপনার FFM ব্যবহার করতে না পারেন, তাহলে আপনাকে আপনার ক্ষতিগ্রস্ত বা অকেজো FFM টি FFNYC অফিসে অবশ্যই ফেরত দিতে হবে।

নিকটতম অফিসের অবস্থান খোঁজার জন্য 311 নম্বরে কল করুন অথবা www.nyc.gov/fairfares এতে যান। আপনি আপনার ক্ষতিগ্রস্ত অথবা অকেজো FFM টি কার্যক্রমের কাছে ফেরত দেওয়ার পরে DSS/HRA আপনাকে একটি FFOC এর প্রতিস্থাপন প্রদান করবে।

## মেট্রোকার্ডের মেয়াদ উত্তীর্ণ

মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরে যদি আপনার FFM এ টাকা বাকি থাকে, আপনি অর্থ ফেরত পাওয়ার অনুরোধ করতে পারেন।

ডাকযোগের মাধ্যমে আপনার অনুরোধ জানান কিংবা FFNYC এর অফিসে আপনার মেয়াদ শেষ হয়ে যাওয়া কার্ডটি ফিরিয়ে দিন। অর্থ ফেরত পাওয়ার যেকোনো অনুরোধ কার্ডের পিছনে থাকা মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখ থেকে 2 বছরের মধ্যে জানাতে হবে।

**নাম এবং পদবি:** ____________________

**Fair Fares ID:** ______________________________

ডাকযোগে অনুরোধ পাঠাতে, আপনার কার্ডের সহিত নিম্নলিখিত তথ্যগুলি খামের মধ্যে অন্তর্ভুক্ত করবেন:

- আপনার নাম এবং পদবী।
- Fair Fares ক্লায়েন্টের ID নম্বর (আপনার ACCESS HRAঅ্যাকাউন্টের Fair Fares হোম পেজে পাওয়া যাবে)।
- অবশিষ্ট অর্থ যেটি আপনার মনে হয় কার্ডে বাকি থাকতে পারে।

আপনার কার্ড এবং উপরোক্ত তথ্যগুলি এখানে পাঠান:

Fair Fares NYC
PO Box 7099
New York, NY 10008-7099

**অ্যাক্সেস-এ-রাইড (AAR) ট্রিপগুলিতে ডিসকাউন্ট পাওয়ার জন্য নথিভুক্ত অংশগ্রহণকারীদের জন্য:**

- Fair Fares অংশগ্রহণকারী যারা AAR রাইডার এবং AAR ট্রিপে ডিসকাউন্ট পাওয়ার অনুরোধ করেন তারা FFOC গ্রহণ করার যোগ্য নন। আপনার যদি ইতিমধ্যেই FFOC থেকে থাকে, FFNYC ডিসকাউন্টটি সরিয়ে নেওয়া হবে।
- আপনি প্রোগ্রামকে আপনার অ্যাক্সেস-এ-রাইড ID নম্বরটি দেওয়ার পরে এবং NYC ট্রানজিট আপনার সমস্ত তথ্য নিশ্চিত করার পরে, প্রতিটি AAR অ্যাকাউন্টে স্বয়ংক্রিয়ভাবে ডিসকাউন্ট প্রয়োগ করা হবে। একবার আপনি AAR দ্বারা নিশ্চিত হয়ে গেলে, আপনি Fair Fares যোগ্যতার সময়কালে ডিসকাউন্টযুক্ত ট্রিপ সংরক্ষণ (booking) করতে পারবেন। আপনার সংরক্ষণ করার সময়ে ট্রিপে ডিসকাউন্ট প্রয়োগ হয়ে যাবে, এবং আপনার ট্রিপটি সম্পূর্ণ হওয়ার পরে আপনি কেবলমাত্র ডিসকাউন্ট পাওয়া ভাড়ার অর্থ প্রদান করবেন।
- আপনার AAR ভাড়ার ডিসকাউন্ট কেবলমাত্র আপনারই ব্যবহার করার অনুমতি রয়েছে। যদি আপনি অন্য কোনও ব্যক্তিকে আপনার ডিসকাউন্ট ব্যবহার করতে দেন, তাহলে আপনি প্রোগ্রামের যোগ্যতা হারাতে পারেন। আরও সুনির্দিষ্ট তথ্যের জন্য নিচের জরিমানা বিভাগটি দেখুন।

**FFNYC ব্যবহারের শর্তাবলীর সাথে সম্মত হওয়ার মাধ্যমে, আপনি আমাদের পরিষেবার ব্যবহার নিয়ন্ত্রণকারী শর্তাবলী এবং নীতিগুলিকে স্বীকৃতি দিচ্ছেন এবং মেনে নিচ্ছেন, যেগুলির মধ্যে ব্যবহারকারীর আচরণের নির্দেশিকা, ডেটার গোপনীয়তা, বুদ্ধিবৃত্তিক সম্পত্তির অধিকার, এবং দায়বদ্ধতার সীমাবদ্ধতাগুলি অন্তর্ভুক্ত রয়েছে।**

**FFNYC প্রোগ্রামে নবীকরণ (renewal):**

আপনার FFNYC প্রোগ্রাম নথিভুক্তিকরণের সময়সীমা শেষ হওয়ার অন্ততপক্ষে 30 দিন আগে প্রোগ্রামটি আপনাকে সেই বিষয়ে জানিয়ে দেবে। তারপরে আপনি DSS/HRA এর কাছে নবীকরণের একটি আবেদন পাঠাতে পারেন। আপনার FFOC তে, আপনার FFNYC প্রোগ্রাম নথিভুক্তিকরণের থেকে মেয়াদ উত্তীর্ণ হওয়ার আলাদা একটি তারিখ থাকবে। নবীকরণের আবেদনটি পর্যালোচিত এবং অনুমোদিত হয়ে গেলে, আপনার FFOC তে আপনার ডিসকাউন্ট অব্যাহত থাকবে, যদি আপনি নবীকরণের আবেদনের সময়কালে নতুন একটি কার্ডের অনুরোধ না করে থাকেন তবেই। যদি আপনার নথিভুক্তিকরণের সময়কালে আপনার FFOC এর মেয়াদ উত্তীর্ণ হয়ে যায়, তাহলে এটির মেয়াদ শেষ হওয়ার আগেই একটি নতুন FFOC স্বয়ংক্রিয়ভাবে আপনাকে ডাকযোগে পাঠিয়ে দেওয়া হবে।

**দাবিত্যাগ বা অস্বীকৃতি:**

Fair Fares ডিসকাউন্টগুলি শুধুমাত্র ততক্ষণ উপলব্ধ থাকবে যতক্ষণ প্রোগ্রামটি কার্যকর রয়েছে। যদি প্রোগ্রামটি বিরত রাখা বা বন্ধ করে দেওয়া হয়, আপনার কার্ড থেকে ডিসকাউন্ট সরিয়ে নেওয়া হবে, কিন্তু আপনার OMNY অ্যাকাউন্টে থাকা অবশিষ্ট অর্থের ব্যবহার আপনি তখনও চালিয়ে যেতে পারেন। যদি প্রোগ্রামটি বন্ধ হয়ে যায় তাহলে তৎক্ষণাৎ অ্যাক্সেস-এ-রাইডের ডিসকাউন্টও শেষ হয়ে যাবে।

**ব্যবহারের এই শর্তাবলীর প্রতি সম্মতি জানানোর মাধ্যমে, আপনি স্বীকার করছেন যে এই চুক্তিটি (agreement) একজন অংশগ্রহণকারী হিসাবে আপনার এবং FFNYC প্রোগ্রামের পরিচালক হিসাবে**

**নাম এবং পদবি:** ______________________

**Fair Fares ID:** ___________________________________

**DSS/HRA এর দ্বারা এবং মধ্যে সম্পন্ন করা হয়েছে। NYCT এই চুক্তির মধ্যে একজন পক্ষ নয়।**

**এই চুক্তির মধ্যে পরিবর্তন:**
DSS/HRA যে কোনও সময়ে এই চুক্তির শর্তাবলী পরিবর্তন করতে পারে। এই পরিবর্তনগুলি পরিবর্তনের বিজ্ঞপ্তির ওপর লিখিত তারিখ থেকেই কার্যকর হবে। যদি পরিবর্তনের বিজ্ঞপ্তির মধ্যে কোনও বিষয় এই চুক্তির কোনও অংশকে অবৈধ করে দেয়, তাহলে পরিবর্তনের বিজ্ঞপ্তিটি সম্পূর্ণ চুক্তিটিকে অবৈধ করে না। এটির অর্থ হল এই চুক্তির বাকি শর্তাবলী এখনও কার্যকর থাকবে।

**নিয়ন্ত্রক আইন:**
স্টেট অফ নিউ ইয়র্কের আইন এবং সিটি অফ নিউ ইয়র্কের নিয়মের শিরোনাম 68 এর অধ্যায় 12 এই চুক্তিটি নিয়ন্ত্রণ করে। এই চুক্তিটির ব্যাখ্যা করার জন্য নিউ ইয়র্ক স্টেট আইন ব্যবহার করা হবে।

**আপনার তথ্যের পরিবর্তন:**
আপনাকে আমাদের ফাইলে থাকা ঠিকানাতে যাবতীয় বিজ্ঞপ্তি এবং প্রতিস্থাপিত FFOC গুলি প্রেরণ করা হবে। আপনি আপনার দ্বারা পূর্বে প্রদত্ত তথ্যের যেকোনো পরিবর্তনের জন্য DSS/HRA কে জানাতে সম্মতি দিচ্ছেন, উদাহরণস্বরূপ:

- নাম;
- ঠিকানা;
- টেলিফোন নম্বর; এবং
- ই-মেইল ঠিকানা।

আপনি আপনার ডাকযোগের ঠিকানা অথবা যোগাযোগের তথ্য পরিবর্তন করতে পারেন, www.nyc.gov/accessfairfaresএ ভিজিট করে, 311 নম্বরে কল করে অথবা কোনো Fair Fares NYC অফিসে গিয়ে।

**অযোগ্যতা:**
যদি বা যখন আপনাকে প্রোগ্রামের জন্য অযোগ্য হিসাবে পাওয়া যাবে, FFNYC আপনার কার্ড থেকে ডিসকাউন্ট সরিয়ে নেবে। আপনি ডিসকাউন্ট ব্যতীত কার্ডটির ব্যবহার চালিয়ে যেতে পারেন যদি না সেটি নিষ্ক্রিয় হয়ে থাকে।

বিধিনিষেধ**:**
আপনার FF ডিসকাউন্ট ব্যবহার করার অনুমতি কেবলমাত্র আপনার কাছেই রয়েছে। আপনি যদি আপনার FF ডিসকাউন্ট অন্য কাউকে ব্যবহার করতে দেন, আপনাকে প্রোগ্রাম থেকে অপসারিত করা হতে পারে, এবং আপনার যদি কোনো FFOC থেকে থাকে, সেই কার্ডে থাকা অবশিষ্ট অর্থ হারাতে পারেন।

সমস্ত OMNY কার্ডের মতোই, যদি কোনো পুলিশ অফিসার কিংবা ট্রানজিট স্টাফ সদস্য দেখতে চায়, আপনাকে আপনার FFOC অবশ্যই দেখাতে হবে।

আপনি অর্থ ফেরত অথবা প্রতিস্থাপন নাও পেতে পারেন যদি:

- আপনি আপনার FFOC এর সাথে কারসাজি (tampering) করে থাকেন; কিংবা
- আপনি আপনার FFOC অন্য কাউকে ব্যবহার করার জন্য দিয়ে থাকেন।

জরিমানা**:**
যদি আপনি আপনার FF ডিসকাউন্টের দুর্ব্যবহার অথবা অপব্যবহার করেন কিংবা Fair Fares NYC এর সাথে প্রতারণা করেন (যেটির মধ্যে ডিসকাউন্টটি অন্য কোনও ব্যক্তিকে ব্যবহার করতে দেওয়া, অথবা ইচ্ছাকৃতভাবে Fair Fares NYC কে ভুল তথ্য প্রদান করা অন্তর্ভুক্ত রয়েছে কিনটি তাতে সীমিত নয়), আপনাকে একটি সতর্কতা পত্র পাঠানো হবে এবং 60-দিনের জন্য স্থগিতাদেশ দেওয়া হবে। 60-দিনের স্থগিতাদেশ সমাপ্ত হওয়ার পর, আপনি প্রোগ্রামটিতে পুনরায় আবেদন করতে পারেন। যদি আপনি দ্বিতীয়বার অপরাধ করেন, তাহলে আপনাকে প্রোগ্রামটি থেকে স্থায়ীভাবে অযোগ্য হিসেবে বিবেচনা করা হবে।

অবশিষ্ট অর্থসহ FFOC গুলির অপব্যবহার বা দুর্ব্যবহার করা হলে সেগুলি অর্থ ফেরত পাওয়ার যোগ্যতা রাখে না।

**নাম এবং পদবি:** ____________________

**Fair Fares ID:** ________________________________

**যোগ্যতা সিদ্ধান্তের ব্যাপারে আপত্তি জানানোর অধিকার:**
আপনি যদি Fair Fares NYC এর জন্য অযোগ্য হিস্যাবে বিবেচিত হন, আপনার 311 নম্বরে কল করে অথবা FFNYC অবস্থানে ভিজিট করে একটি পরিচালনাসংক্রান্ত পর্যালোচনার অনুরোধ জানানোর মাধ্যমে যোগ্যতা সিদ্ধান্তের ব্যাপারে আপত্তি জানানোর অধিকার রয়েছে।

**তথ্যপ্রকাশ:**
DSS/HRA সুনির্দিষ্ট কিছু উদ্দেশ্যের জন্য প্রোগ্রামে আপনার অংশগ্রহণের জন্য আপনার সম্বন্ধে সংগৃহীত ব্যক্তিগত তথ্যগুলি ব্যবহার এবং শেয়ার করতে পারে, যেগুলির মধ্যে নিম্নলিখিত বিষয়গুলি অন্তর্ভুক্ত রয়েছে কিন্তু সীমিত নয়:

- কার্যক্রম পরিচালনা করার খাতিরে;
- আপনাকে অতিরিক্ত সুবিধা, পরিষেবা, এবং তত্ত্বাবধান পাওয়ার সুযোগ দিতে যেগুলির আপনি যোগ্য হতেও পারেন;
- অ্যাক্সেস-এ-রাইড কার্যক্রমে আপনার অংশগ্রহণ যাচাই করতে;
- আপনি কোনো MTA হ্রাসপ্রাপ্ত-ভাড়া কার্যক্রমে অংশগ্রহণ করছেন না তা যাচাই করতে; এবং
- প্রোগ্রামের সাথে সম্পর্কিত প্রতারণার সন্দেহজনক ঘটনাগুলির তদন্তের জন্য আইনি প্রয়োগকারীর কাছে প্রদান করতে।

Fair Fares ডিসকাউন্ট এবং এটির ব্যবহারগুলি NYC ট্রানজিট ও এটির অধিভুক্তদের সমস্ত ট্যারিফ বিধান, নিয়ম এবং প্রবিধানের সাপেক্ষে নির্ধারিত হয়।
**কোনো FFOC এর ব্যবহার FFM এর ব্যবহারের মতো একই ভাড়া ও ট্যারিফ টার্ম, শর্তাবলী, এবং বিধিনিষেধের সাপেক্ষে নির্ধারিত হবে। OMNY এর সহিত আপনার Fair Fares ডিসকাউন্টের ব্যবহার OMNY পরিষেবার শর্তাবলী এবং OMNY গোপনীয়তার নীতির সাপেক্ষে যেগুলি OMNY.info তে পাওয়া যেতে পারে।**

অনুগ্রহ করে এই ব্যবহারের শর্তাবলীটি পড়ুন এবং স্বাক্ষর করুন এবং নিজস্ব প্রমাণের জন্য একটি অনুলিপি রাখুন।

________________________________ ____________

অংশগ্রহণকারীর নাম (মুদ্রিত) তারিখ

________________________________

অংশগ্রহণকারীর স্বাক্ষর

**গ্রাহক পরিষেবা বা আরও তথ্যের জন্য, 311 নম্বরে কল করুন। আপনি যদি শ্রবণশক্তিহীন বা আপনার শুনতে অসুবিধা হয়, 711 নম্বরটির অথবা আপনার পছন্দের রিলে পরিষেবা প্রদানকারীর সাহায্য নিয়ে আমাদের সাথে যোগাযোগ করুন।**